চার মিনিটের শুটিংয়ে ৫৯৪ কোটি টাকা বাজেট!

জ্যাক স্নাইডারের ‘জাস্টিস লিগ’ সংস্করণ নিয়ে ডিসি ভক্তদের উল্লাসের অন্ত নেই। ভক্তদের দাবির মুখে ২০১৭ সালে মুক্তি পাওয়া ছবির নতুন সংস্করণ তৈরি করার উদ্যোগ নেয় হয়। কিন্তু এখন শোনা যাচ্ছে, মাত্র চার মিনিটের নতুন দৃশ্য ধারণ করেছেন নির্মাতা।

স্ট্রিমিং প্ল্যাটফর্ম এইচবিও ম্যাক্সে আগামী বছর মুক্তি পাবে চার ঘণ্টা দৈর্ঘ্যের ‘জাস্টিস লিগ: স্নাইডারস কাট’।

এর আগে শোনা যায়, স্নাইডার সংস্করণের জন্য ওয়ার্নার ব্রস ৭ কোটি ডলার বা বাংলাদেশি মুদ্রায় ৫৯৪ কোটি টাকা বাজেট দেয়। এছাড়া জোকার চরিত্রে জ্যারেড লেটোর ফিরে আসায় দর্শক নিশ্চিত হয় শুধু পুরোনো ফুটেজ দিয়ে এই ছবি নির্মিত হচ্ছে না।

কিন্তু সম্প্রতি এক সাক্ষাৎকারে পরিচালক জানান, তারা চার মিনিটের দৃশ্যায়ন করেছেন সপ্তাহ খানেক সময় নিয়ে। এ কথায় প্রশ্ন উঠেছে, কয়েক মিনিটেই এত খরচ! যদিও এ ছবিতে দুর্দান্ত ভিজ্যুয়াল ইফেক্টস থাকছে, এ কথা চোখ বন্ধ করেই বলা যায়।

জ্যারড লেটো ছাড়াও নতুন শুট হওয়া দৃশ্যে রয় ফিশার (সাইবর্গ), বেন অ্যাফ্লেক (ব্যাটম্যান), গল গাডট (ওয়ান্ডার ওম্যান), অ্যাম্বার হার্ড (মেরা) ও জো ম্যানগেনিলো (ডেথস্ট্রোক)-সহ বেশ করেছেন অভিনেতা অংশ নিয়েছেন।

তবে নতুন সংস্করণের জন্য কত খরচ হচ্ছে তা স্টুডিও থেকে নিশ্চিত করা হয়নি।

‘জাস্টিস লিগ’-এর মূল ছবিটি শুরু করেছিলেন স্নাইডার। কিন্তু ব্যক্তিগত কারণে পোস্ট-প্রডাকশনের মাঝ থেকে বেরিয়ে গেলে হাল ধরেন ‘অ্যাভেঞ্জার্স’ পরিচালক জশ হিডেন। কিন্তু জশ সিনেমাটিতে নতুন দৃশ্য যোগ করে এত এত পরিবর্তন আনেন, যা দর্শকের পছন্দ হয়নি। পরে নতুন সংস্করণে ‘জাস্টিস লিগ’ সাজানোর দায়িত্ব নেন স্নাইডার।

২০১৭ সালে মুক্তি পাওয়া জশের ছবিটিকে অনেকেই আধা-সেদ্ধ বলে

উল্লেখ করেন। কারণ স্পেশাল ইফেক্টস তেমন জমেনি। যেমন কিছু দৃশ্যে ‘সুপারম্যান’ হেনরি কাভিলকে গোঁফসহ দেখা যায়। যা মূলত অন্য একটি ছবির জন্য রেখেছিলেন এই নায়ক।

চোখের পানিতে, শ্রদ্ধা- ভালোবাসায় সৌমিত্রকে শেষ বিদায়

অপরিবার ও শুভাকাঙ্খীদের চোখের পানিতে, শ্রদ্ধা-ভালোবাসায় ‘গান স্যালুটে’ কিংবদন্তিকে জানানো হল বিদায়। কলকাতার কেওড়াতলা মহাশ্মশানে পূর্ণ মর্যাদায় সম্পন্ন হল সৌমিত্র চট্টোপাধ্যায়ের শেষকৃত্য। চোখের জলে বাংলার শেষ ম্যাটিনি আইডলকে বিদায় জানালেন অসংখ্য অনুরাগী।

শনিবার থেকেই সম্পূর্ণ লাইফ সাপোর্টে রাখা হয়েছিল কিংবদন্তি অভিনেতাকে। আজ রবিবার দুপুরে শেষ নিশ্বাস ত্যাগ করেন সৌমিত্র। নিজের কমরেড, নিজের সহযোদ্ধাকে হারিয়ে শোকাতুর হয়েও সৌমিত্রকন্যা পৌলমী বসু বলেন, কষ্ট পাবেন না। বাবাকে আদর্শ মেনেই আমরা জীবনকে সেলিব্রেট করব।

পাশে দাঁড়িয়ে থাকা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, সারা বিশ্ব চলচ্চিত্র জগতের মহান প্রতিভাবান বরণীয় স্মরণীয় মানুষকে হারাল। টুইটারে শোকজ্ঞাপন করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

বেলা আড়াইটে নাগাদ বেলভিউ থেকে শববাহী যানে করে অভিনেতার দেহ নিয়ে যাওয়া হয় তার গল্ফ গ্রিনের বাড়িতে। সেখানে কিছুক্ষণ রাখার পর বেলা তিনটা নাগাদ টেকনিশিয়ান স্টুডিওতে নিয়ে যাওয়া হয় প্রবাদপ্রতীম শিল্পীর দেহ। শ্রদ্ধা জানান স্টুডিও পাড়ার অভিনেতা-অভিনেত্রী, টেকনিশিয়ানরা। দুপুর সাড়ে তিনটা নাগাদ রবীন্দ্রসদনে নিয়ে যাওয়া হয় সৌমিত্র চট্টোপাধ্যায়ের দেহ।

সেখানে তাকে শ্রদ্ধা জানান বিশিষ্টরা।

এরপরই কেওড়াতলা মহাশ্মশানের উদ্দেশে শুরু হয় পদযাত্রা। অভিনেতা, অভিনেত্রী, রাজনীতিবিদ, প্রশাসনিক কর্তারা ছাড়াও সৌমিত্র চট্টোপাধ্যায়ের অন্তিম যাত্রায় যোগ দিয়েছিলেন তার অসংখ্য অনুরাগী। সেখানে শ্রদ্ধা জানান প্রত্যেকে। তারপর পূর্ণ মর্যাদায় সম্পন্ন হয় সৌমিত্রর শেষকৃত্য।

হ্যারি পটারের ঢঙে ‘ব্রুমস্টিক স্কুটার’ নিয়ে রাস্তা মাতাচ্ছেন দুই যুবক

হ্যারি পটারের দুনিয়ায় জাদু-ঝাঁটার উপর বসে ঘুরে বেড়ানোর দৃশ্যের সঙ্গে কম বেশি সকলেই পরিচিত। হ্যারি পটার থেকে অনুপ্রাণিত হয়ে সম্প্রতি ব্রাজিলের দুই যুবক সাও পাওলোর রাস্তায় প্রায় একই কাণ্ড করেছেন। সেই ভিডিও এখন ভাইরাল সোশ্যাল মিডিয়ার বিভিন্ন প্ল্যাটফর্মে।

বছর চল্লিশের ভিনিসিয়াস স্যাঙ্কটাস এবং আটাশ বছরের আলেসান্দ্রো রুশোর যান দেখে শনিবার চমকে গিয়েছিলেন সাও পাওলোর মানুষ। তারা দু’জনে হ্যারি পটারের ঢঙে বসেছিল ঝাঁটার উপর।

ঝাঁটা দিয়ে তৈরি এই নতুন যানের তারা নাম দিয়েছেন ‘ব্রুমস্টিক স্কুটার’। মোটরের সঙ্গে একটি চাকা যুক্ত রয়েছে এতে। তার মাধ্যমেই এগিয়ে যায় এটি। ঝাঁটার সামনের অংশ যে দিকে ঘোরানো হবে, সেই অনুসারে গতিপথ পরিবর্তন করবে ‘ব্রুমস্টিক স্কুটার।’

রুশো আন্তর্জাতিক সংবাদ মাধ্যমকে জানিয়েছেন, এই স্কুটার সর্বোচ্চ ৬০ কিলোমিটার প্রতি ঘণ্টা গতিতে ছুটতে পারে। বাড়ি থেকে কাজের জায়গায় যেতেই বুমস্টিক স্কুটার ব্যবহার করেন ভিনিসিয়াস এবং রুশো। তাদের আশা, আগামী দিনে পটার ভক্তরা এই স্কুটার নিয়ে আরও উৎসাহ দেখাবেন।

পাকিস্তানের অ্যাকশন মুভিতে মাত বেইজিং

গত ৪৫ বছরের মধ্যে এই প্রথম পাকিস্তানের কোনো সিনেমা মুক্তি পেলো চীনে। হাসিব হাসান পরিচালিত ‘পারওয়াজ হ্যায় জুনুন’ নামের এই সামরিক অ্যাকশনধর্মী মুভিটি ২০১৮ সালে তৈরি হয়। খবর গ্লোবাল টাইমস এর।

একদল তরুণ দেশপ্রেমিক ক্যাডেটকে নিয়ে এই ছবির কাহিনী, সব ধরনের চ্যালেঞ্জ ও কঠিন পরিস্থিতি মোকাবেলা করে যারা পাকিস্তানের সেরা পাইলটে পরিণত হয়। মুভির এক অংশে একটি জেএফ-১৭ ফাইটারকে হাইলাইট করা হয়েছে। চতুর্থ প্রজন্মের এই ফাইটার যৌথভাবে তৈরি করেছে চীন ও পাকিস্তান, দর্শকদের অবাক করে দিয়ে পর্দায় এর আবির্ভাব ঘটে।

সিনেমায় দেখা যায় এয়ারফোর্স একাডেমির এক শিক্ষক এক শিক্ষার্থীকে জিজ্ঞেস করছেন জেএফ-১৭ ও মিরেজ-২০০০ এর মধ্যে তুলনা করতে। ছাত্রের উত্তর জেএফ-১৭-এ নমনীয়তা ও নিরাপত্তাসহ তিনটি বেশি সুবিধা রয়েছে। পরে শিক্ষক এর সঙ্গে আরো সুবিধার কথা যোগ করেন। মুভিতে নারী পাইলটদের উপরেও নজর দেয়া হয়। দেখা যায় এক পাকিস্তানী তরুণী তার মার্কিন নাগরিকত্ব ও বিলাসবহুল জীবন ছেড়ে, অনেক কষ্ঠকর পরিস্থিতি পারি দিয়ে শেষ পর্যন্ত তার জেএফ-১৭ ফাইটার পাইলট হওয়ার স্বপ্ন পূরণ করেন।

২০২১ সালে চীন ও পাকিস্তানের কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৭০তম বার্ষিকীকে সামনে রেখে বুধবার থেকে বেইজিংয়ে সিনেমাটি প্রদর্শিত হচ্ছে। ছবির প্রিমিয়ারে উপস্থিত ছিলেন বেইজিংয়ে নিযুক্ত পাকিস্তানি রাষ্ট্রদূত মইনুল হক। ছবিটি দেখতে বিপুল সংখ্যক দর্শক জড় হয়। যাদের বেশিরভাগ কখনো পাকিস্তানি সিনেমা দেখেননি। তারা পাকিস্তানি সিনেমা শিল্প সম্পর্কেও অনেক কিছু শেখেন।

ছবিটি দেখানোর পর রাষ্ট্রদূত দর্শকদের জানান, যে চীনে আরও পাকিস্তানি মুভি ও টিভি ড্রামা দেখানো হবে যাতে চীনারা পাকিস্তানি জনগণের সংস্কৃতি ও দুই দেশের বন্ধুত্বের শক্তি সম্পর্কে বুঝতে পারে। এসময় সামরিক বিশেষজ্ঞ ও চলচ্চিত্র সমালোচক

শিয়াও নিং বলেন, চার বছরের প্রচেষ্টায় যৌথভাবে নির্মিত জেএফ-১৭ বিমান নিয়ে তার আগ্রহ রয়েছে এবং এটা দুই দেশের বন্ধুত্বের প্রমাণ।

হৃদয়-লিজার প্রথম গান ‘ভাবনা’

জনপ্রিয় সংগীতশিল্পী হৃদয় খান এবার সানিয়া সুলতানা লিজার সঙ্গে নতুন একটি গান প্রকাশ করেছেন। এটাই তাদের একসঙ্গে প্রথম গান। গানের নাম ‘ভাবনা’। গানের কথা, সুর ও সংগীত সবই করেছেন হৃদয় খান। তৈরি হয়েছে এর একটি ভিডিওচিত্রও। সেটির সিনেমাটোগ্রাফি করেছেন হৃদয়ের ছোট ভাই প্রত্যয় খান।

এ প্রসঙ্গে হৃদয় খান বলেন, ‘লিজার সঙ্গে এটি আমার প্রথম গানের কাজ। কিন্তু গান করতে গিয়ে মনে হয়নি এটি আমাদের প্রথম কাজ। লিজা অনেক ভালো গেয়েছে। গানের কথার সঙ্গে মিল রেখে একটি ভিডিওচিত্রও করেছি। প্রত্যয় সুন্দর একটি সিনেমাটোগ্রাফি করেছে। দর্শকদের ভালো লাগবে আশা করছি।’

গানটি নিয়ে লিজা বলেন, ‘প্রথমবারের মতো হৃদয় খান ভাইয়ের সঙ্গে দ্বৈত কণ্ঠে পূর্ণাঙ্গ একটি গান গেয়েছি। খুব সুন্দর কথা রয়েছে গানটিতে। আশা করছি ভালো লাগবে শ্রোতাদের।’ গানটি হৃদয় খানের নিজস্ব ইউটিউব চ্যানেলে প্রকাশ হয়েছে।

রাজীবের চলে যাওয়ার ১৬ বছর আজ

ঢাকাই চলচিত্রের অভিনেতা রাজীবের ১৬তম মৃত্যুবার্ষিকী আজ শনিবার। ২০০৪ সালের ১৪ নভেম্বর শক্তিমান এ অভিনেতা ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। প্রায় দুই শতাধিক চলচ্চিত্রে অভিনয় করেছেন প্রয়াত এই খলনায়ক। রাজীবের পুরো নাম ওয়াসীমুল বারী রাজীব।

চলচ্চিত্রে খলনায়ক হিসেবে সফল হলেও অনেক চলচ্চিত্রে ভিন্ন ভিন্ন চরিত্রেও অভিনয় করেছেন তিনি। অভিনয় জীবনের স্বীকৃতিস্বরূপ শ্রেষ্ঠ চলচ্চিত্র অভিনেতা হিসেবে চারবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার ছাড়াও অসংখ্য সম্মাননা লাভ করেছেন।

১৯৫২ সালের ১ জানুয়ারি বাংলাদেশের অন্যতম সফল খলনায়ক রাজীব পটুয়াখালী জেলায় জন্মগ্রহণ করেন। পেশাজীবন শুরু করেন তিতাস গ্যাস কোম্পানিতে। শখ ছিল অভিনয়ে। জড়িয়েছিলেন মঞ্চ নাটকে। চমৎকার উচ্চারণ ও ভরাট কণ্ঠের প্র্যাকটিস তিনি মঞ্চেই করেছেন। মঞ্চ থেকে কাজ করেছেন বাংলাদেশ বেতার ও টেলিভিশনে।

তিনি ঢালিউডে নায়ক হয়ে পা রাখেন ১৯৮১ সালে ‘রাখে আল্লাহ মারে কে’ ছবিতে। তবে নায়ক হয়ে তার খ্যাতি আসে কাজী হায়াৎ পরিচালিত ‘খোকনসোনা’ ছবিতে।

তবে সিনেমায় রাজীবের উত্থান বা সাফল্যের গল্পটা ভিলেন হিসেবে। তার অভিনীত উল্লেখযোগ্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে হাঙর নদী গ্রেনেড, প্রেম পিয়াসী, সত্যের মৃত্যু নেই, স্বপ্নের পৃথিবী, আজকের সন্ত্রাসী, দুর্জয়, দেনমোহর, স্বপ্নের ঠিকানা, মহামিলন, বাবার আদেশ, বিক্ষোভ, অন্তরে অন্তরে, ডন, কেয়ামত থেকে কেয়ামত, ভাত দে, অনন্ত ভালোবাসা, রাজা শিকদার ও বুকের ভেতর আগুন, সাহসী মানুষ চাই, বিদ্রোহ চারিদিকে ও দাঙ্গা প্রভৃতি।

হলিউডের সুপারহিরো ছবিতে ভিন্ন লুকে প্রিয়াঙ্কা

নেটফ্লিক্সের সুপারহিরো সিনেমা ‘উই ক্যান বি হিরোস’-এ প্রিয়াঙ্কা চোপড়ার ফার্স্ট লুক প্রকাশ করলেন অভিনেত্রী নিজেই। যেখানে ভিন্ন লুকে তিনি নজর কেড়েছেন সবার। হলিউডের নির্মাতা রবার্ট রড্রিগেজ পরিচালিত সিনেমাটি আগামী ইংরেজি নববর্ষে নেটফ্লিক্সে মুক্তি পাবে বলে জানিয়েছেন প্রিয়াঙ্কা।

ইনস্টাগ্রামে নিজের ফার্স্ট লুক প্রকাশ করে ‘দেশি গার্ল’ লেখেন,

এটি শিশুতোষ সিনেমা। এ ঘরানার আরও সিনেমা বানিয়েছেন নির্মাতা রবার্ট। আমার চরিত্রটির জটিল জগতকে আপনাদের সামনে তুলে ধরতে পেরে আমি খুবই উচ্ছ্বসিত। এ বিষয়ে আরও জানা যাবে শিগগিরই।

প্রিয়াঙ্কার শেয়ার করা ছবিতে দেখা যায়, সাহসী ভঙ্গিমায় ল্যাবরেটরি থেকে বের হচ্ছেন তিনি। বোঝাই যাচ্ছে, রবার্টের সুপারহিরো সিনেমায় এক সাহসী নারীর চরিত্রে অভিনয় করতে যাচ্ছেন তিনি। এই ছবিতে থাকছে ভিনগ্রহবাসীদের আগ্রাসনের কাহিনি।

শেষ হল ‘অপারেশন সুন্দরবন’র শুটিং, মুক্তি ২৬ মার্চ

আলোচিত ‘অপারেশন সুন্দরবন’ সিনেমার শুটিং আজ ভোরে শেষ হয়েছে। করোনার কারণে কয়েক ধাপ পিছিয়ে আজ (১০ নভেম্বর) ভোরে মোংলার বানিয়াশান্তা এলাকায় সিনেমাটির শুটিং শেষ হয়।

এক ফেসবুক স্ট্যাটাসে এসব তথ্য নিশ্চিত করে সিনেমাটির নির্মাতা দীপংকর দীপন লিখেছেন, “আজ ভোরে শুটিং র্যাপ আপ হয়েছে ‘অপারেশন সুন্দরবনে’র। ১০ নভেম্বর ভোরে মোংলার কাছে বানিয়াশান্তায় শুটিং শেষ ঘোষণা হয়। টিজার বা ট্রেইলার নিয়ে আসছি এই মাসেই। আগামী ৪/৫ মাসের মধ্যেই ছবিটা আনতে চাই আপনাদের সামনে। পোস্ট প্রোডাকশনের যুদ্ধটা শুরু হচ্ছে এবার। আসছি সেই যুদ্ধের শেষে। সাথে থাকুন। সঙ্গে রাখুন। সাহস হয়ে থাকুন।”

সুন্দরবনকে জলদুস্যমুক্ত করার অভিযানের গল্প নিয়ে নির্মিত ‘অপারেশন সুন্দরবন’। সিনেমাটি প্রযোজনা করেছে র্যাব ওয়েলফেয়ার কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড। গত বছরের ২০ ডিসেম্বর সাতক্ষীরার বুড়িগোয়ালিনী এলাকায় শুটিং শুরু হয়েছিল সিনেমাটির। ২০২১ সালের ২৬ মার্চ মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে মুক্তি দেওয়া হতে পারে।

এতে অভিনয় করেছেন রিয়াজ, সিয়াম আহমেদ, নুসরাত ফারিয়া, জিয়াউল রোশান, দর্শনা বণিক, তাসকীন রহমান, রওনক হাসান, তুয়া চক্রবর্তী,

মনোজ প্রামাণিক, সামিনা বাশার, রাইসুল ইসলাম আসাদ, আরমান পারভেজ মুরাদ, নরেশ ভুইয়া, মানস বন্দোপাধ্যায়, মনির খান শিমুল প্রমুখ।

মুক্তি পেয়েই রেকর্ড গড়লো অক্ষয়-কিয়ারার ‘লক্ষ্মী’

ওটিটি প্ল্যাটফর্ম ডিজনি প্লাস হটস্টারে অবশেষে মুক্তি পেয়েছে বহুল আলোচিত বলিউড সিনেমা ‘লক্ষ্মী’। ভারতীয় সময় গত সোমবার সন্ধ্যায় ৭টা ৫ মিনিটে সিনেমাটি মুক্তি দেওয়া হয়। মুক্তির পর পর অল্প সময়ের মধ্যে ভৌতিক সিনেমাটি নতুন রেকর্ড গড়েছে। এযাবৎ ডিজনি প্লাস হটস্টারে মুক্তিপ্রাপ্ত সব সিনেমার মধ্যে উদ্বোধনীতে এটি সবচেয়ে বেশি দর্শক পেয়েছে।

ভারতীয় সংবাদমাধ্যম জানায়, ‘লক্ষ্মী’ মুক্তির কয়েক ঘণ্টার মধ্যে আগের সব রেকর্ড ভেঙে দিয়েছে। লাখ লাখ অক্ষয়ভক্ত ফার্স্ট ডে ফার্স্ট শো দেখতে প্ল্যাটফর্মটিতে লগ-ইন করেছেন। এখন পর্যন্ত ডিজনি প্লাস হটস্টারে উদ্বোধনী দিনে সবচেয়ে বেশি দর্শক টেনেছে এই সিনেমাটিই।

সিনেমাটির সাফল্যে উচ্ছ্বাস প্রকাশ করে অক্ষয় কুমার বলেন, দর্শকদের কাছ থেকে ‘লক্ষ্মী’র যেমন রেসপন্স পাচ্ছি, তাতে আমি অভিভূত এবং আনন্দিত। সিনেমাটি মুক্তির কয়েক ঘণ্টার মধ্যেই দেশ জুড়ে অসংখ্য দর্শক ও ভক্তরা এটি দেখার জন্য ডিজনি প্লাস হটস্টার ভিআইপিতে লগইন করেছেন, এটা আমাকে ব্যাপক উৎস দিয়েছে। আনন্দের এই অনুভূতির সঙ্গে অন্য আর কিছুরই তুলনা চলে না।

শুরুতে সিনেমাটির নাম ‘লক্ষ্মী বোম্ব’ রাখা হলেও হিন্দু দেবী লক্ষ্মীকে অপমান করার অভিযোগ উঠায় নাম থেকে ‘বোম্ব’ শব্দটি ফেলে দিয়ে শুধুমাত্র ‘লক্ষ্মী’ রাখা হয়। রাঘব লরেন্স পরিচালিত সিনেমাটিতে অক্ষয়ের বিপরীতে অভিনয় করেছেন কিয়ারা আদবাণী।

ঝুঁকি নিতে চান না শাহরুখ, ‘ফ্লপ’ তকমা ঘুচাতে ভরসা দীপিকা

অফ্লপ সিনেমার তকমা ঘুচাতে এবার দীপিকা পাড়ুকোনকে বেছে নিলেন বলিউডের কিং খান শাহরুখ খান। ফিল্মফেয়ারের প্রতিবেদন অনুযায়ী, ২০০ কোটি রুপি বাজেটের ‘পাঠান’ ছবির মধ্য দিয়ে প্রায় তিন বছর পর বড় পর্দায় আবারও অভিনয় করতে চলেছেন শাহরুখ।

‘অ্যাকশন-ড্রামা’ ধাঁচের এই সিনেমায় তাই কোন রিস্ক নিতে চান না শাহরুখ। সে কারণেই, সিনেমায় নিজের সঙ্গী হিসেবে বেছে নিয়েছেন বর্তমানে বলিউডের সর্বোচ্চ পারিশ্রমিক গোনা নারী তারকা দীপিকাকে।

সেক্ষেত্রে বলিউডের বাদশাকে গুনতে হবে ১৫ কোটি রুপি। বাংলাদেশি মুদ্রায় যা দাঁড়ায় ১৭ কোটি ১৭ লাখ টাকা। তবে, দীপিকার পুরনো রেকর্ড অনুযায়ী সিনেমার সাফল্য নিয়ে হয়তো এবার আশাহত হতে হবে না শাহরুখকে।

‘পাঠান’ সিনেমাতে শাহরুখ ও দীপিকা ছাড়াও ‘খলনায়ক’ এর চরিত্রে থাকছে জন আব্রাহাম। এই ছবিতেই প্রথমবারের মতো জন আর শাহরুখকে একসঙ্গে দেখা যাবে। এমনকি, ছবির একটি অতিথি চরিত্রে দেখা যাবে সালমান খানকেও।

এর আগে, ২০০৭ সালে শাহরুখের হাত ধরেই ‘ওম শান্তি ওম’ সিনেমার মধ্য দিয়ে বলিউডের রেড কার্পেটে যাত্রা শুরু করে দীপিকা।